২০

দৈনিক ইত্তেফাক

তারিখ ১ ৭ APR 1994
পৃষ্ঠা ৩ কলাম ৭

## শিক্ষাঙ্গনে সুষ্ঠু পরিবেশ বজায় রাখিতে হইবে

……………………………… তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ব্যারিষ্টার নাজমুল হুদা দেশের ভবিষ্যৎ নেতৃত্ব প্রদানে যোগ্য নাগরিক হিসাবে নিজে-দেরকে গড়িয়া তুলিতে শিক্ষাঙ্গন সুষ্ঠু পরিবেশ বজায় রাখিতে ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানাইয়াছেন। তিনি শিক্ষাঙ্গন হইতে সন্ত্রাস নির্মূল করার উপর গুরুত্ব আরোপ করিয়া বলেন, জাতির বৃহত্তর স্বার্থে যে কোন মূল্যে সন্ত্রাসী কার্যকলাপ প্রতিহত করা হইবে। মন্ত্রী গত শনিবার

(৪র্থ পৃঃ দ্রঃ)

### তথ্যমন্ত্রী

(৩য় পৃঃ পর)

দোহারের মেঘুলায় কবি নজরুল ইসলাম উচ্চ বালিকা বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ী ও স্কুল পরীক্ষায় কৃতী ছাত্রীদের মধ্যে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা দিতেছিলেন। কবি নজরুল ইস-লাম উচ্চ বালিকা বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও দোহার থানা বিএন-পি'র সাধারণ সম্পাদক এম এ সাত্তারের সভাপতিত্বে অনুষ্ঠানে ছাত্রনেতা শামীম আহসান, প্রধান শিক্ষক নিরোধ চন্দ্র নন্দী ও বিএনপি নেতা বাবুল বক্তৃতা করেন।

তথ্যমন্ত্রী বলেন, জনগণের সম্মিলিত প্রচেষ্টা ও সহযোগিতায় সমাজ হইতে সন্ত্রাস নির্মূল করা হইবে। তিনি বলেন, অনুকূল পরিবেশ নিশ্চিত করিয়া স্থানীয় এলাকায় আরও শিক্ষা প্রতিষ্ঠান গড়িয়া তোলা হইবে। ছেলে-মেয়েদেরকে যথাযথ শিক্ষার সুযোগ দিয়া দেশের ভবিষ্যৎ যোগ্য নাগ-রিক হিসাবে গড়িয়া তোলা হইবে। তিনি ছাত্র-ছাত্রীদেরকে কোন রাজনৈতিক মহলের উস্কানি মূলক কাজে সাড়া না দেওয়ার আহ্বান জানান। তিনি পড়ালেখার পাশাপাশি খেলাধুলায় অংশগ্রহ-ণের জন্য ছাত্রীদের পরামর্শ দেন। তিনি শিক্ষা প্রতিষ্ঠান-সমূহে খেলার সরঞ্জাম দেওয়ার আশ্বাস দেন। পরে তিনি ছাত্রী-দের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

তথ্যমন্ত্রী বিকালে জয়পাড়া পাইলট উচ্চ বিদ্যালয় মাঠে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহ-মানের জন্মবার্ষিকী উপলক্ষে জাতীয়তাবাদী ছাত্রদলের উদ্যোগে জিয়া স্মৃতি ক্রিকেট টুর্ণামেন্ট-এর চূড়ান্ত খেলায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। শ্রীনগর থানার বাঘড়া প্রভাতী যুবসংঘ বনাম দোহার থানার নটাখোলা চাঁদতারা ক্লাব চূড়ান্ত খেলায় অংশগ্রহণ করে।

এ উপলক্ষে ভাষণে তথ্য-মন্ত্রী বলেন, ক্রীড়া প্রতিযোগিতার মত রাজনৈতিক অঙ্গনেও জয়-পরাজয় মানিয়া নেওয়া স্বাভাবিক রীতি হওয়া উচিত। কিন্তু কোন কোন রাজনৈতিক দল নির্বাচনের পরাজয় না মানিয়া হরতালের নামে নৈরাজ্য সৃষ্টির অপচেষ্টায় লিপ্ত হয় যাহা জনগণের ইচ্ছার প্রতিফলন নয়। তিনি দেশের বৃহত্তর কল্যাণে হরতাল পরিহার করার জন্য সচেতন নাগরিকদের প্রতি আহ্বান জানান।

—তথ্য বিবরণী